

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৫২৪

জিরানীয়া, ৩ নভেম্বর, ২০২৩

মুখ্যমন্ত্রী স্বনির্ভর পরিবার যোজনা  
জিরানীয়া মহকুমায় মোরগ পালনে সহায়তা

মুখ্যমন্ত্রী স্বনির্ভর পরিবার যোজনায় চলতি অর্থবছরে জিরানীয়া মহকুমায় ১৯৯টি পরিবারকে মোরগ পালনে সহায়তা দেওয়া হয়েছে। এই যোজনায় মহকুমার পুরাতন আগরতলা ব্লকে ৪৬টি, বেলবাড়ি ব্লকে ৫৬টি, জিরানীয়া ব্লক ও জিরানীয়া নগর পঞ্চায়েত এলাকার ৯৭টি পরিবার উপকৃত হয়েছেন। সুবিধাভোগী পরিবারগুলিকে ১০টি করে উন্নত প্রজাতির মোরগ ও মোরগ পালনের সহায়ক সামগ্রী দেওয়া হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ২ লক্ষ ৫৮ হাজার ৭০০ টাকা। জিরানীয়া প্রাণীসম্পদ বিকাশ কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*